

নথি নং ১ই
৪-কল- ৫৪/২০১৯

বিভাগীয় মামলা নং- ২৭/২০১৯

বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(সাধারণ ও সংস্থাপন শাখা)

Web: (www.supremecourt.gov.bd)

অফিস আদেশ - ৮৮/২০১৯ (পি এন্ড ডি)

তারিখঃ ০৬/০৯/১৯ খ্রিঃ।

বিষয়ঃ- বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্তকরণ প্রসঙ্গে।

আপনি মোঃ রুবেল ফকির গত ০১লা জুন সকাল ১০.০০টায় কর্মস্থলে এসে মাননীয় বিচারপতি জনাব ওবায়দুল হাসান মহোদয়ের স্ত্রীকে জানান যে, আপনি ঐ দিন থেকেই অর্থাৎ ১লা জুন থেকে ছুটিতে যাবেন এবং ১০.০৬.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটিতে থাকবেন। মহোদয়ের স্ত্রী বিষয়টি আপনাকে মাননীয় বিচারপতি মহোদয়ের নিকট অবহিত করার কথা বললে আপনি বলেন যে, “.....হে কি আমারে চাকরি দিচ্ছে?” মাননীয় বিচারপতি মহোদয় একথা শোনার পর তাঁর সহিত কর্মরত বেঞ্চ অফিসারকে বিষয়টি জানিয়ে, আপনাকে ঐদে শুধুমাত্র সরকারি ছুটির দিনগুলোতে ছুটি দিতে বলেন এবং ১০.০৬.২০১৯ খ্রিঃ তারিখ আপনি যেন বেঞ্চ অফিসারের সাথে দেখা করে আপনার ব্যবস্থা নিতে বলেন। গত ০৩.০৬.২০১৯ খ্রিঃ তারিখ হতে ০৯.০৬.২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত ছুটি ভোগের পর আপনি ১০.০৬.২০১৯ খ্রিঃ তারিখ বেঞ্চ অফিসারের নিকট আসলে, তিনি আপনার আচরণের ত্রুটি নজরে আনলেও আপনি কোন গরজ করেননি। পূর্বের ন্যায় আপনি বাসায় দেরিতে আসেন ও তাড়াতাড়ি চলে যান। মহোদয়ের স্ত্রী অন্তত ৬/৭ ঘন্টা কাজ করতে বললে আপনি মুখে মুখে তর্ক করেন। প্রতিদিন ২/৩ ঘন্টার বেশি আপনি কাজ করেন না। যখন ইচ্ছা তখন বাসার কাজে আসেন। মাননীয় বিচারপতি মহোদয়ের বিনানুমতিতে আপনি মাঝে মধ্যেই অনুপস্থিত থাকেন। আপনার উপরোক্ত আচরণ বিশেষ করে মহোদয়ের কর্তৃত্ব নিয়ে কথা বলা ও কর্মস্থলে ইচ্ছাকৃত দেরিতে উপস্থিত হওয়া শৃঙ্খলা ভঙ্গের সামিল ও গুরুতর অপরাধ। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৩ এর ২(২) এর সংশোধিত প্রজ্ঞাপন ১৯৮৯ এর ২(৪) বিধি মোতাবেক অসদাচরণ (Misconduct) এর সামিল এবং ৩(বি) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ। নানা অজুহাতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অপরাধে রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের আদেশমতে কর্তব্য কাজে অবহেলার অপরাধে কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তৎমর্মে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব দাখিলের জন্য আপনার বর্তমান ঠিকানায় স্মারক নং-সি.কে, ১৭৭/১৭ (অংশ-১) মূলে গত ০৯/০৭/২০১৯ খ্রিঃ তারিখ নোটিশ প্রেরণ করা হলেও আপনি অদ্যাবধি নোটিশের কোন প্রকার জবাব দাখিল করেননি। পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অত্র কোর্টের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্তকরণসহ বর্তমান কর্মস্থলেই প্রতিদিন ৮ ঘন্টা করে কাজ চালিয়ে যাওয়ার জন্য মাননীয় বিচারপতি মহোদয় বাচনিক নির্দেশ প্রদান করেছেন।

আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৩ এর ২ (২) সংশোধিত প্রজ্ঞাপন ১৯৮৯ এর ২(৪) বিধি মোতাবেক অসদাচরণের সামিল এবং উক্ত বিধিমালার ৩(বি) বিধি মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ বিধায়, অভিযোগের গুরুত্ব বিবেচনায় ০১/০৯/২০১৯ খ্রিঃ তারিখ হতে উক্ত বিধিমালার ১০(১) বিধি অনুযায়ী আপনাকে অত্র কোর্টের চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত (Suspend) করা হলো।

বিধি মোতাবেক আপনি খোরাকী ভাতা (Subsistence Allowance) পাবেন।

স্বা/-
তাং- ০৬/০৯/১৯
রেজিস্ট্রার জেনারেল (জেঃ)

স্মারক নং-

৭৩০২

জি,এস,

তারিখঃ- ৪/৯/১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের জন্য)।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, রুম নং-৫২৮, ৫ম তলা, সি,জি,এ, ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৪। জনাব মোঃ আবুল কাশেম মিয়া, কোর্ট কীপার, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৫। সুপারিনটেনডেন্ট, সাধারণ ও সংস্থাপন শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। জনাব মোঃ স্বপন সিকদার, ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় বিচারপতি জনাব ওবায়দুল হাসান মহোদয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৭। হিসাব রক্ষক, হিসাব শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৮। মোঃ রুবেল ফকির, এম,এল,এস,এস, কোর্ট কীপিং শাখা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৯। পি এন্ড ডি (নথি)।

ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
০৯/০৯/১৯